

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 15-12-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

PM to begin three nation tour :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ জর্ডান, ইথিওপিয়া এবং ওমান সফরে যাচ্ছেন। তাঁর সফরের প্রথম পর্যায়ে তিনি রাজা দ্বিতীয় আবদুল্লাহ ইবনে আল হসাইনের আমন্ত্রণে জর্ডান সফর করবেন। প্রধানমন্ত্রী মোদি জর্ডানের রাজার সাথে সাক্ষাৎ করে দ্বিপাক্ষিক সম্পর্কের সমস্ত দিক পর্যালোচনা করবেন এবং আঞ্চলিক বিষয় নিয়ে মতবিনিময় করবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জর্ডান সফর প্রায় চার দশকের মধ্যে কোনো ভারতীয় প্রধানমন্ত্রীর প্রথম পূর্ণাঙ্গ দ্বিপাক্ষিক সফর। জর্ডানে বসবাসরত প্রাণবন্ত ভারতীয় সম্প্রদায় ভারতীয় প্রধানমন্ত্রীর আগমনকে সামনে রেখে আগ্রহ ও প্রত্যাশা প্রকাশ করেছে এবং এই সফরকে একটি গর্বের মুহূর্ত হিসেবে বর্ণনা করেছে, যা দুই দেশের জনগণের মধ্যে শক্তিশালী সম্পর্ককে প্রতিফলিত করে। উল্লেখ্য প্রধানমন্ত্রী মোদির এই সফর দুই দেশের কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ৭৫তম বার্ষিকী উদযাপনেরও অবকাশ হয়ে উঠতে চলেছে। আগামীকাল প্রধানমন্ত্রী ইথিওপিয়ার উদ্দেশে যাত্রা করবেন, যা হবে সে দেশে তাঁর প্রথম সফর। সফরের শেষ পর্যায়ে প্রধানমন্ত্রী ওমান সফর করবেন। এই সফর দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ৭০ বছর পূর্তি উপলক্ষে অনুষ্ঠিত হবে।

CM Prishtha Pramukh Sanmelan:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সরকার উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। রাজ্যের জন্য রাজ্য পরিবার থেকে যারা কাজ করে গেছেন তাদের সম্মান দিয়েছে বর্তমান সরকার। গতকাল মোহনপুরে নির্বাচনী এলাকার বিজেপি'র পৃষ্ঠা প্রমুখ সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন।

Vice President:

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন নতুন দিল্লিতে সম্মাট পেরুমবিদুগ্ন মুথারাইয়ার দ্বিতীয় স্বভারন মারানের সম্মাগে গতকাল এক স্মারক ডাকটিকিট প্রকাশ করেন। অনুষ্ঠানে শ্রী রাধাকৃষ্ণন, তামিল সংস্কৃতি এবং ভাষার জন্য সরকারের ত্রুমাগত সহায়তার প্রশংসা করেন। তিনি কাশী তামিল সঙ্গম সহ বেশ কয়েকটি উদ্যোগের কথা উল্লেখ করেন এবং তামিল সম্মাট, নেতৃত্ব এবং স্বাধীনতা সংগ্রামীদের যথাযথ স্বীকৃতি এবং সম্মান দেয়ার জন্য সরকারের উদ্যোগের প্রশংসা করেছেন। উপ-রাষ্ট্রপতি আরও উল্লেখ করেন, সম্মাট পেরুমবিদুগ্ন মুথারাইয়ারের স্মারক ডাকটিকিট প্রকাশ এই স্বীকৃতির চলমান প্রতিক্রিয়ার অংশ। তিনি উল্লেখ করেন, দেশ যখন বিকশিত ভারতের লক্ষ্যে অগ্রসর হচ্ছে, তখন জাতীয় সাংস্কৃতিক গর্বকে পুনরুজ্জীবিত করার জন্য অপরিচিত নায়কদের স্বীকৃতি দেওয়া অপরিহার্য।

Vijay Divas :

বিজয় দিবস উদযাপন উপলক্ষে আগরতলার লিচুবাগানে অ্যালবার্ট এক্সা ওয়ার মেমোরিয়াল পার্কে স্কুল পড়ুয়াদের মধ্যে গতকাল বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করে ভারতীয় সেনা। ভারতীয় সেনার মুখপাত্র জানিয়েছেন, দেশভক্তির ভাবনায় 800 জন ছাত্রাত্মী ছবি আঁকা প্রতিযোগিতায় অংশ

নিয়েছে। ১৯৭১ সালের ভারত পাকিস্তান যুদ্ধে ভারতীয় সেনা বাহিনীর বিজয়কে সম্মান জানাতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। আগামীকাল এ উপলক্ষে অ্যালবার্ট এক্স ওয়ার মেমোরিয়াল পার্কে সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিড নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা প্রমুখ।

Achievement:

শক্তি সংরক্ষণ ও শক্তি দক্ষতার ক্ষেত্রে ২০২৫ সালের জাতীয় সংরক্ষণ পুরস্কার পঞ্চম ক্যাটাগরীতে দেশের মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করেছে ত্রিপুরা। গতকাল নতুনদিল্লির বিজ্ঞান ভবনে রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মুর হাত থেকে পুরস্কার গ্রহণ করেন টি.এস.ই.সি.এল এর কারিগরি অধিকর্তা ডঃ সুবীর সেন ও বুরো অফ এফিসিয়েন্সির স্টেট ডেজিনেটেড এজেন্সির নোডাল অফিসার সীমা দাস। ত্রিপুরার এই সাফল্যে অভিনন্দন জানিয়েছেন বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ। প্রসঙ্গত, উল্লেখ্য এই গ্রন্থে মোট ১১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল প্রতিযোগিতায় অংশ নিয়েছিল।

CJI ON TECHNOLOGY :

ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত বলেছেন, মানুষের বিচারবুদ্ধিকে শক্তিশালী করার জন্য প্রযুক্তি ব্যবহৃত হওয়া উচিত, মানুষের জায়গা নিতে নয়। এক আলোচনা সভায় গতকাল বিচারপতি কান্ত বলেন, কোভিড অতিমারীর সময় প্রযুক্তি অত্যন্ত উপযোগী ছিল তবে, ভুলে গেলে চলবে না প্রযুক্তির নিজস্ব কিছু নেতৃত্বাচক দিকও রয়েছে। প্রধান বিচারপতি বলেন, যে সংস্কার দরিদ্র, প্রবীন বা ডিজিটাল প্রযুক্তিতে অনভিজ্ঞদের বাদ দেয়, তা কোনো সংস্কারই নয় বরং

তা অনগ্রসরতা। এই কারণেই প্রযুক্তিকে অবশ্যই ন্যায়বিচারের সেবক থাকতে হবে, তার বিকল্প নয়। তিনি বলেন, আদালতে মামলার জট বিচার ব্যবস্থার প্রতিটি স্তরকে, নিম্ন আদালত থেকে সাংবিধানিক আদালত পর্যন্ত, স্থায়ি করে দেয়। তার মতে, জাতীয় লোক আদালত অভিযানগুলি স্থায়ী সাফল্য এনে দিয়েছে। তিনি উল্লেখ করেন, বিশ্বের যেকোনো প্রান্তে সবচেয়ে কার্য্যকর তৃণমূল পর্যায়ের বিচারগত উন্নাবনগুলোর মধ্যে অন্তম লোক আদালতের ভাবনা।

National energy conservation day Gomati:

জাতীয় শক্তি সংরক্ষণ দিবস উপলক্ষ্যে গোমতী জেলা সদর উদয়পুর বিজ্ঞান কেন্দ্রে গতকাল বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় উদয়পুরের বিভিন্ন স্কুলের দুই শতাধিক ছাত্রছাত্রী অংশ নেয়।

অনুষ্ঠানে বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা সুশান্ত বনিক, উপ-অধিকর্তা বিপুল মল্লিক, উদয়পুর বিজ্ঞান কেন্দ্রের ভারপ্রাপ্ত আধিকারিক অয়ন সাহা সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

BJP-Pancharthal:

উনকোটি জেলার পেঁচারথলের কো-অপারেটিভ হলঘরে গতকাল বিজেপি'র এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন কারামন্ত্রী শান্তনা চাকমা। বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত অনুষ্ঠান আরও বেশি মানুষের শোনার বিষয়ে এবং প্রধানমন্ত্রীর "বিকশিত ভারত" সংকল্প'কে বাস্তবায়িত করতে আলোচনা হয়।

Weather :

আজ আকাশ প্রধানতঃ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ
দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।
আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ ডিগ্রি সেলসিয়াস।
